দৈনিক বাংলা

তারিখ ... ৪ 1 OCT 1991 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩

২০৬

# শুক্রবারের মধ্যে সন্ত্রাস দমন না হলে শনিবার থেকে ভার্সিটি শিক্ষকদের ধর্মঘট

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

আগামীকাল শুক্রবারের মধ্যে সরকার সন্ত্রাস দমনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা ২রা নবেম্বর শনিবার থেকে ধর্মঘটে যাবেন।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সাধারণ সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। প্রফেসর

(৪-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

**শুক্রবারের মধ্যে** (প্রথম পৃঃ পর)

আনোয়ারউল্লাহ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বলা হয়, সন্ত্রাস দমনের প্রাথমিক দায়িত্ব সরকারের। কিন্তু সরকার এ পর্যন্ত সেই দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে।

যেসব রাজনৈতিক দল ও গণতন্ত্র বিরোধী অপশক্তি সন্ত্রাস লালন করে সভায় তাদের নিন্দা করা হয়।

সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, সংশ্লিষ্ট সকল মহল যদি সন্ত্রাস দমনে ব্যর্থ হয় তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা রাজনীতি প্রভাবিত সন্ত্রাসের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলবেন।